লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2019

## BNGACOR05T-BENGALI (CC5)

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও *চারটি* প্রশ্নের উত্তর দাও**
**(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)**

### একক - ১

১। অনুপ্রাস অলংকারের সংজ্ঞা দাও। দৃষ্টান্ত উল্লেখপূর্বক অনুপ্রাসের প্রত্যেকটি শ্রেণির ব্যাখ্যা করো। ৩+৭=১০

**অথবা**

উপযুক্ত উদাহরণ সহযোগে প্রতিবস্তূপমা ও দৃষ্টান্ত অলংকারের আলোচনা করো। ৫+৫=১০

### একক - ২

২। নিম্নোক্ত কাব্যাংশের মধ্যে যে-কোনো ***দুটির*** অলংকার নির্ণয় করোঃ ৫×২=১০

(ক) এখনি অন্ধ বন্ধ করো না পাখা।

(খ) বসুন্ধরা, দিবসের কর্ম-অবসানে,
দিনান্তের বেড়াটি ধরিয়া আছে চাহি
দিগন্তের পানে।

(গ) মেঘ নাই তবু অঝোরে ঝরিল জল,
ফুল ফুটিল না আপনি ধরিল ফল;—
স্বপনেও কভু ভাবি নাই, প্রিয়তম,
এমনি করিয়া সহসা আসিয়া নয়ন জুড়াবে মম।

(ঘ) নবদূর্ব্বাদলশ্যাম রামে নিরখিয়া
ময়ূর নীরদ ভ্রমে উঠিল নাচিয়া।

### একক - ৩

৩। স্বরবৃত্ত বা দলবৃত্ত ছন্দের সংজ্ঞা দাও। উপযুক্ত উদাহরণ সহযোগে এর বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা করো। ২+৮=১০

**অথবা**

সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো *দুটি*) ৫×২=১০

পর্ব, মাত্রা, যতি, দল, পংক্তি

একক - ৪

৪। ছন্দোলিপি নির্ণয় করোঃ (যে-কোনো ***দুটি***) ৫×২=১০

(ক) বৃষ্টিভেজা বাড়ির মতো রহস্যময়
তোমার হাতে আছে আমার একটু সময়
কতদিনের কত রাতের ঝাপসা তুলির
রঙে রেখায় আঁকা আমার একটু সময়।

(খ) আমারে ধরিতে যেই এল ছোট কাকা
স্বপনে গেলাম উড়ে মেলে দিয়ে পাখা।
দুই হাত তুলে কাকা বলে, থামো থামো,
যেতে হবে ইস্কুলে এই বেলা নামো।

(গ) হৃদয়-বেদনায় শূন্য বিছানায়
বুঝি মা আঁখিজলে রজনী জাগো।
কুসুম তুলি লয়ে প্রভাতে শিবালয়ে
প্রবাসী তনয়ার কুশল মাগো।

(ঘ) ত্যজি ধনুঃ, নিষ্কোষিলা অসি মহাতেজাঃ
রামানুজ ; ঝলসিলা ফলক আলোকে
নয়ন! হায়রে, অন্ধ অরিন্দম বলী
ইন্দ্রজিৎ, খড়্গাঘাতে পড়িলা ভূতলে
শোণিতার্দ্র।

৫। যে-কোনো ***দুটি*** বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা ১৫০ শব্দের মধ্যে হওয়া বাঞ্ছনীয়) ৫×২=১০

(ক) উপমা ও রূপক অলংকারের পার্থক্য কোথায় – উদাহরণসহ লেখো। ২.৫+২.৫=৫

(খ) চিরসুখীজন ভ্রমে কি কখন ৪+১=৫
ব্যথিত বেদন বুঝিতে পারে ?
কি যাতনা বিষে বুঝিবে সে কিসে,
কভু আশীবিষে দংশেনি যারে ?

– কাব্যাংশে প্রযুক্ত অলংকারটির নাম বলো এবং ব্যাখ্যা করো। এটি কোন শ্রেণির অলংকারের অন্তর্ভুক্ত ?

(গ) পয়ার ছন্দের শোষণ শক্তি সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো। ৫

(ঘ) গগনে অবঘন মেহ দারুণ ১+৪=৫
সঘনে দামিনী চমকই।
কুলিশ পাতন শব্দ ঝনঝন
পবন খরতর বলগই॥

– কোন রীতির ছন্দ ? ছন্দোলিপি নির্মাণ করো।

———×———